

## বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন

প্রোগ্রামিং শাখা

৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.brdb.gov.bd


**বিষয়ঃ ১৪ অক্টোবর/২০১৯ খ্রি: অনুষ্ঠিত বিআরডিবি'র ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি	: মোঃ হাসানুল ইসলাম এনডিসি পরিচালক (প্রশাসন)
সভার তারিখ	: ১৪ অক্টোবর/২০১৯ খ্রি:
সভার সময়	: বিকাল ০৫.৩০ ঘটিকা
স্থান	: সভাপতি মহোদয়ের অফিস কক্ষ।
উপস্থিতি	: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। ২০১৯-২০২০ অর্থবছরের ইনোভেশন এবং এ সংশ্লিষ্ট বিষয়ে তিনি সকলের নিকট গঠনমূলক পরামর্শ প্রত্যাশা করেন। সে মোতাবেক বিস্তারিত আলোচনাতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	সেবা সহজিকরণ বুকলেট তৈরি ও অফিস আদেশ	বিআরডিবি'র মাধ্যমে গ্রাম ভিত্তিক কৃষক সমবায়ের মাধ্যমে গ্রামীণ দরিদ্রদের সংগঠিতকরণ এবং কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পুর্জির যোগানের জন্য কৃষকদের বিভিন্ন ধরণের সেবা প্রদান করা হয়। এরই ধারাবাহিকতায় সেবা পদ্ধতি আরো সহজতর করার লক্ষ্যে ২০১৯-২০২০ অর্থবছরে কু-খাণ ব্যবস্থাপনা/ব্যবহার (সদাবিক) সহজিকরণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে উক্ত বিষয়ের উপর একটি বুকলেট তৈরি এবং সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে দিকনির্দেশনা প্রদানের লক্ষ্যে একটি অফিস আদেশ জারি করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	দ্রুততম সময়ের মধ্যে সেবা সহজিকরণ বুকলেট তৈরির পাশাপাশি এ বিষয়ে একটি অফিস আদেশ জারির ব্যবস্থা নিতে হবে।	যুগ্মপরিচালক (সম্প্রসারণ ও বিশেষ প্রকল্প)/ উপপরিচালক (সম্প্রসারণ/ প্রোগ্রামিং)/ সহকারীপরিচালক (পদাবিক)/ সহঃ মেইনঃ ইঞ্জঃ
০২	মাঠ থেকে প্রাপ্ত ইনোভেশন আইডিয়াসমূহ সভায় উপস্থাপন	২০১৯-২০২০ অর্থবছরে মাঠপর্যায় থেকে প্রেরিত ইনোভেশন আইডিয়াসমূহ অদ্যকার সভায় উপস্থাপন করা হয়। ইনোভেশন কর্মপরিকল্পনার সূচক মান অর্জনের লক্ষ্যে প্রাপ্ত আইডিয়া দ্রুততম সময়ের মধ্যে যাচাই-বাছাইপূর্বক একটি তালিকা প্রণয়ন করার বিষয়ে আলোচনা হয়। তাছাড়া, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ও জাতীয় শুঙ্গাচার কৌশল (NIS) এর	আইডিয়াসমূহ বাছাইপূর্বক তা মহোদয় কর্তৃক অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপপরিচালক (প্রোগ্রামিং)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		লক্ষ্যমাত্রা অর্জনে অক্টোবর/২০১৯ মাসের মধ্যে ইনোভেশন আইডিয়া (ধারণা) চূড়ান্তকরণের বিষয়ে আলোচনা হয়।		
০৩	মেন্টর-মেন্টির তালিকা চূড়ান্তকরণ বিষয়ে সিদ্ধান্তগ্রহণ	২০১৯-২০২০ অর্থবছরে মাঠপর্যায় থেকে প্রেরিত ইনোভেশন আইডিয়া দাখিলকারী কর্মকর্তাদের সমবয়ে মেন্টর-মেন্টির তালিকা  চূড়ান্ত করার বিষয়ে আলোচনা হয়। আলোচনাতে সংশ্লিষ্ট সকলের আইডিয়া বাস্তবায়নে যথাযথো উদ্যোগ গ্রহণ করতে হবে।	মেন্টর-মেন্টির তালিকা চূড়ান্ত করতে হবে।	উপপরিচালক (প্রোগ্রামিং)
০৪	বিবিধ	সেবা সহজিকরণ ও ইনোভেশন উদ্যোগ বাস্তবায়নে ২০১৯-২০২০ অর্থবছরের ওয়ার্কশপ/সেমিনার/প্রশিক্ষণসমূহ বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়।	কর্তৃপক্ষের সাথে আলোচনার মাধ্যমে সুবিধাজনক সময়ে ওয়ার্কশপ/সেমিনার /প্রশিক্ষণসমূহ বাস্তবায়ন করতে হবে	উপপরিচালক (প্রোগ্রামিং)

  
 মোঃ হাসানুল ইসলাম এনডিসি  
 পরিচালক (প্রশাসন)  
 ও  
 সভাপতি, ইনোভেশন কমিটি  
 ৮১৮০০০৮  
 E-mail: dradmn@brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৮১১.০৬.১৩৭.১৯-৪৭০৭

তারিখ: ১৫ অক্টোবর/২০১৯ খ্রি:

অনুলিপি (সদয় অবগতি ও কার্যালয়ে):

- পরিচালক (অর্থ ও হিসাব) বিআরডিবি, ঢাকা।
- যুগ্মপরিচালক (সিসিএম), বিআরডিবি, ঢাকা।
- উপপরিচালক (পরিকল্পনা), বিআরডিবি, ঢাকা।
- মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- সহকারী পরিচালক (পদাবিক), বিআরডিবি, ঢাকা।
- পরিচালক (প্রশাসন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।

  
 নাজনিন খানম  
 উপপরিচালক (প্রোগ্রামিং)

ও  
 সদস্য সচিব, ইনোভেশন কমিটি